

তুমি

বিশেষ একজন



তুমি বিশেষ একজন

যেকোনো এক দিনের একটি পত্রিকা দেখার সময়, আমি এই আকর্ষণীয় বিবৃতিটি দেখেছিলাম। এটি পড়ুনঃ “যে কেহ হতে, প্রত্যেকেরই কারোর জন্য কেহ হওয়া আবশ্যিক”। আমি খামলাম এবং পুনরায় পড়লাম “যে কেহ হতে, প্রত্যেকেরই কারোর জন্য কেহ হওয়া আবশ্যিক”। কি চিন্তা উদ্দীপক বিবৃতি!



এই কম্পিউটারের যুগে যখন মানবশক্তি বৈজ্ঞানিক আবিষ্কার ও উদ্ভাবন দ্বারা প্রতিস্থাপিত হচ্ছে, মানুষের বাস্তব মূল্য সেখানে স্বীকৃত নয়। পুরুষ ও নারী এখানে খুবই নগন্য- কোন কর্মশালার একটি সংখ্যা, যান্ত্রিক জীবনের পরিকল্পনার একটি নগন্য অংশ, বিশাল সমুদ্রের মধ্যের একটি ফোঁটা সেটাই মানবতা। এটা সত্য যে এসবের মধ্যেও কেউ কেউ আছে যারা এই অভিক্ষিপ্তাবস্থার মধ্যে আসে তাদের শারীরিক কৃতিত্ব, বাদ্যসঙ্গীত প্রতিভা, ক্রীড়া দক্ষতা এবং সেই ধরনের কোন প্রতিভা নিয়ে; আর এরা জনসাধারণের চক্ষু আকর্ষণ করতে সফল হতে পারে, কিন্তু তুলনামূলকভাবে বৃহত্তর সংখ্যাগরিষ্ঠ মানুষ যাদের সাথে আমাদের পথেঘাটে সাক্ষাৎ হয়, অলক্ষিত ও অস্বীকৃত হয়ে আমাদের পরিষেবে চলে যায়।



মার্কিন যুক্তরাষ্ট্রের উত্তর পশ্চিম বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল স্কুলের ডঃ ডোনাল্ড ফরম্যানের কথা অনুযায়ী, মানব শরীরের খরচ তার রাসায়নিক বিষয়বস্তুর শর্তাবলী অনুযায়ী কমপক্ষে \$3.50 হয়। অবসাদের যুগে, গড়

শরীরের রাসায়নিক বিষয় শুধুমাত্র 90 সেন্ট মূল্যের হয়। বিশ্বের হিসেবে যতদূর যাওয়া যায় মানুষ এখানে খুবই নগণ্য। কিভাবে প্রায়ই যুবা থেকে বৃদ্ধ সকলেই, এই চিন্তায় হতাশাগ্রস্ত হয় যে কিভাবে তারা অধ্যবসায়ী হতে পারে যদি, তাদের প্রচেষ্টা সমাজ দ্বারা স্বীকৃত না হয়, তাদের মতামত গ্রহণ করা না হয়, এবং এই বিশ্বে তাদের কোন ছাপ না থাকে। তারা শুধুমাত্র নগন্যই!




বাইবেলে, যীশু একটি হারিয়ে গেছে এমন একটি ভেড়ার নীতিগর্ভ রূপক বলেছিলেন। গল্পটি লুক এর 15 নং অধ্যায়ের সুসমাচারে পাওয়া যায়। কোন

একজন মেষপালকের একশটি মেষ ছিল। তার মধ্যে থেকে একটি মেষ হারিয়ে যায়। সে বাকি নিরানব্বই তা রেখে যে মেষটি হারিয়ে গেছে তাকে না পাওয়া পর্যন্ত খোঁজ করে। পথে অনেক ধরনের বিপদ ঘটেছিল, কিন্তু তাকে সেই হারিয়ে যাওয়া মেষটিকে খুঁজে বার করতেই হবে। আর হ্যাঁ, সে খুঁজে বার করেছিল! সে তাকে কাঁধে তুলে নেয়, বাড়ি এসে তার বন্ধুবান্ধব ও প্রতিবেশীদের ডেকে বলে: “এসো, আমার সঙ্গে তোমরাও আনন্দ করো, কারণ আমার যে মেষটি হারিয়ে গিয়েছিলো আমি তাকে খুঁজে পেয়েছি”। শুধুমাত্র একটি মেষ কিন্তু সেটিও মেষপালকের কাছে গুরুত্বপূর্ণ ছিল। যীশু পুনরায় বললেন: “আমি একজন ভালো মেষপালক: আর ভালো মেষপালক সবসময়ই তার জীবন মেষের জন্য ত্যাগ করতে পারে।” (যোহন 10:11)।



তুমি নিশ্চয়ই সে হারিয়ে যাওয়া মেষের মতন, বাড়ি ঘর এবং পরিচিত মণ্ডলী থেকে বহুদূরে বিচরন করে বেড়াচ্ছ। কিন্তু ভালো মেষপালকের কাছে, তুমি একাকিও একজন খুবই গুরুত্বপূর্ণ ব্যক্তি। তাঁর কাছে তুমি সমগ্র বিশ্বকে একসঙ্গে করলে যা হয় তার থেকেও বেশী মূল্যবান; তাঁর নিজের জীবনের থেকেও বেশী মূল্যবান। বাইবেলে বলা হয়েছে: “আমরা যখন পাপী ছিলাম, খ্রীষ্ট তখনও আমাদের জন্য প্রাণ দিলেন” (রোমীয়৫:৪)। এছাড়াও তিনি নবী যিশাইয়ের কথার মাধ্যমে বলেছেন: “কোনও মহিলা কি তার নিজের শিশুকে ভুলতে পারে? তার থেকে ভূমিষ্ট হওয়া শিশুকে ভুলতে পারে কোন নারী? না! কোন নারী তার শিশুকে ভুলতে পারে না, আমিও তোমাদের ভুলে যেতে পারি না” (যিশাইয়৪৯:১৫)। তিনি তোমার সম্বন্ধে সচেতন। তোমার বর্তমান অবস্থা যাই হোক না কেন, তাঁর দৃষ্টিতে তোমার মূল্য অপরিমেয়। তুমি বিশেষ একজন!



পাঠক, তুমি এটিকে ছুঁড়ে ফেলে দেওয়ার পূর্বে, এই সত্যটি বিবেচনা করে দেখো। তুমি শুধুমাত্র মানুষের কাছে একজন অজানা, সমাজ দ্বারা অস্বীকৃত কেউ নও। তুমি সম্ভবত এই উপায়টি অনুভব করেছিলে- কেউ খেয়াল করে না, কেউ বুঝতে পারে না। কিন্তু সেখানে একজনই আছেন যিনি তোমার খেয়াল রাখেন ও তোমাকে বুঝতেও পারেন এবং আমাদের ইচ্ছা যে তুমি ঐ ব্যক্তিটি অর্থাৎ প্রভু যীশু খ্রীষ্টের সাথে যোগাযোগ



রাখো। তুমি তাঁর কাছে কেউ একজন যার মূল্য আছে, কেউ একজন যার মৃত্যুর মূল্য আছে, কেউ একজন অসীম মূল্যবান এবং তাঁর দৃষ্টিতে অপরিমেয় মূল্যের। যীশু তোমাকে ভালবাসে। তিনি তোমাকে রক্ষা করতে মারা গিয়েছিলেন; তিনি তোমাকে ক্ষমা করার জন্য বেঁচে আছেন, আর তুমি খুঁজছ যে শান্তি, আনন্দ এবং পরিতৃপ্তি সেগুলি তোমাকে দিতে। তুমি খ্রীষ্টের কলি হতে পার এবং তাঁর সম্মান হতে পার।

তুমি বলতে পার, “আমি বহু দূরে চলে গেছি, আমার জন্য আর কোন আশা নেই, আমি পাপের দাস এবং আমাকে সাহায্য করার কেউ নেই”। হাজার হাজার মানুষ-তরুণ ও বৃদ্ধ আছে- যারা খ্রীষ্টের মধ্য দিয়ে জীবনের এক নতুন আশা, নতুন জীবন, আনন্দ, শান্তি, উদ্দেশ্য, লক্ষ্য, অভিপ্রায় খুঁজে পেয়েছে। খ্রীষ্টের মধ্যে, তারা জীবনের একটি মূল্য খুঁজে পেয়েছে। এটি তোমার ক্ষেত্রেও হতে পারে যদি তুমি তোমার জীবন যীশু খ্রীষ্টের কাছে সমর্পন করো। এটি তোমার জীবনে আজ-এখনই. এইমুহুর্তে হতে পারে!

প্রার্থনা:

“প্রভু, আমি একজন পাপী।
দয়া করে আমাকে ক্ষমা
করুন। আমি আমার
নিজেকে সাহায্য করতে
পারছি না, আর তাই আমি যেমন
আমি, সেভাবেই আপনার কাছে
এসেছি। আমি জানি যে আপনি



আমাকে ভালোবাসেন আর সেইজন্যই আপনি আমার জন্য মারা গিয়েছিলেন। আমাকে ফিরে আসতে সাহায্য করুন এবং আমার বাকি জীবন আপনাকে অনুসরণ করতে সাহায্য করুন। আমি আপনাকে আমার পরিত্রাতা এবং ঈশ্বর রূপে স্বীকার করে নিচ্ছি। আমি আমার পুরো জীবন আপনাকে উৎসর্গ করছি। যীশুর নামে। আমেন।”

